



সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-রেজিঃ/সংস্থাপন-২/নিয়োগ-৯১/১৪/৮-৭৫

তারিখ: ২৪-০৪-১৭

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নিম্নলিখিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, বেতন স্কেল, বিভাগ ও পদসংখ্যা | অনুষদের নাম | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------|--|---|--|
| ১ | প্রভাষক স্কেল : ২৩,০০০-৫৫,৪৭০/- এগ্রিকালচারাল ইকনোমিক্স অ্যান্ড পলিসি-০১টি এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (পলিটিক্যাল স্টাডিজ অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন)-০১টি (রুরাল সোসিওলজি অ্যান্ড ডেভেলপমেন্ট)-০২টি | কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ | টেকনিক্যাল ক) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। গ) সংশ্লিষ্ট বিষয়ে এম.এস/এম.এসসি./এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ২ | প্রভাষক স্কেল : ২৩,০০০-৫৫,৪৭০/- ফার্ম পাওয়ার অ্যান্ড মেশিনারি (কৃষি প্রকৌশল- মেজর ইন এফপিএম)-০২টি (ম্যাকানিক্যাল)-০১টি | কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | নন-টেকনিক্যাল ক) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয়ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। গ) সংশ্লিষ্ট বিষয়ে এম.এস/এম.এস.এস/এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ঘ) বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |

প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহঃ

- আগ্রহী প্রার্থীদের নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা <http://www.sau.ac.bd> হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- ক্রমিক নং ০১ থেকে ০২ পর্যন্ত প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ১০(দশ) প্রস্তু পৃথক দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে।
- আবেদনকারীদের নিম্নোক্ত ছক (A⁴ size landscape) পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:

| ক্রমিক নং | প্রার্থীর নাম ও ঠিকানা মোবাইল নম্বরসহ (স্থায়ী ও বর্তমান) (বাংলা ও ইংরেজী) | বয়স | | শিক্ষাগত যোগ্যতা | | | | | প্রকাশনা সংখ্যা সর্বমোট | | প্রশিক্ষণ (শিরোনাম ও সময়) | অভিজ্ঞতা | মন্তব্য | |
|--------------|---|---------------|----------------------------|------------------|-------------|--------------------------|----------------------------|-----------------------------|----------------------------|--------|----------------------------------|----------|---------|--|
| | | জন্ম তারিখ | বয়স ০৭/০৫/১৭ তারিখে | পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | বিভাগ/ শ্রেণী /জিপিএ | প্রাপ্ত নম্বর/ গ্রেড% | দেশি | বিদেশি | | | | |
| | | | | | | | | | | | | | | |

- প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
- প্রার্থীত পদের নাম খামের ওপর উল্লেখ করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা কিংবা অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পোষ্য ও উপজাতি প্রার্থী প্রার্থীতার স্বপক্ষে প্রমাণপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রকৃত মুক্তিযোদ্ধা পাওয়া না গেলে তাদের পুত্র ও কন্যাদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণে পদ সংরক্ষণ করা হবে এবং প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে সকল পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে অর্ডার রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- সকল পদের ক্ষেত্রে আবেদনের নিমিত্তে নির্ধারিত ফরম সরাসরি সংগ্রহের জন্য ১০০/- (একশত) টাকা (রূপালী ব্যাংক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০) এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এ জমা প্রদানের রশিদ রেজিস্ট্রার অফিসে দাখিল করতে হবে। ডাকযোগে আবেদনপত্র সংগ্রহ করতে হলে রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এর অনুকূলে সকল পদ সমূহের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ ১৫/- (পনের) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট ও নিজস্ব ঠিকানা সম্বলিত ফেরত খাম পাঠাতে হবে এবং ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের ক্ষেত্রে আলাদাভাবে ১০০/- (একশত) টাকা অতিরিক্ত ব্যাংক ড্রাফট/পে অর্ডার পাঠাতে হবে।
- আবেদনপত্র আগামী ০৮ মে ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
- ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সকল যোগ্যতাপূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।
- সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণ করা হবে।
- সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

স্বাঃ/

(মো. বদরুল ইসলাম)

রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।